

## আর্মি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আব্বাসউদ্দীন ও তারামন বিবির নামে হল উদ্বোধন

■ সৈয়দপুর (নীলফামারী) প্রতিনিধি  
সৈয়দপুর সেনানিবাসে বাংলাদেশ  
আর্মি বিজ্ঞান ও প্রযুক্তি  
বিশ্ববিদ্যালয়ে (বিএইউএসটি) ১৮  
কোটি টাকা ব্যয়ে দুটি আবাসিক  
হলের আনুষ্ঠানিক উদ্বোধন করা  
হয়েছে। গতকাল রোববার সকাল  
১০টায় ভাওয়ালগানের বিখ্যাত  
সুরকার ও শিল্পী প্রয়াত কিংবদন্তি  
আব্বাসউদ্দীন আহমেদ এবং  
বীরপ্রতীক তারামন বিবির নামে ওই  
আবাসিক হল দুটির উদ্বোধন করা  
হয়।

ছাত্রদের জন্য নির্মিত পাঁচশ  
সিটের আবাসিক হলটির উদ্বোধন  
করেন সেনাবাহিনীর রংপুর ৬৬  
পদাতিক ডিভিশনের এরিয়া  
কমান্ডার (জিওসি) ও বিশ্ববিদ্যালয়  
টাস্তি বোর্ডের সদস্য মেজর  
জেনারেল মো. মাসুদ রাজ্জাক  
পিএসপি। আর ছাত্রীদের জন্য  
তিনশ সিটের আবাসিক হলটি  
ফিতা কেটে উদ্বোধন করেন  
বীরপ্রতীক তারামন বিবি।

এ সময় অন্যদের মধ্যে আর্মি  
প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রকল্প  
পরিচালক ও ইএমই সেন্টার অ্যাড  
স্কুলের কমান্ড্যান্ট ব্রিগেডিয়ার  
জেনারেল কবিরুজ্জামান,  
বিশ্ববিদ্যালয়ের উপাচার্য  
ব্রিগেডিয়ার জেনারেল মো. আবুল  
হোসেন পিএসসি (অব.), সেন্টার  
ড. মো. মোয়াজ্জেম হোসেনসহ  
সেনাবাহিনীর উচ্চপদস্থ কর্মকর্তারা  
উপস্থিত ছিলেন।

সৈয়দপুর আর্মি বিজ্ঞান ও  
প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের  
জন্য আবাসিক হলের নামকরণ  
বীরপ্রতীক তারামন বিবির নামে  
করায় এবং নিজেই উপস্থিত থেকে  
সেটির উদ্বোধন করতে পেরে  
তারামন বিবি আবেগাপ্ত হয়ে  
কঁদে ফেলেন।

এদিকে, একই দিন বেলা ১১টায়  
সৈয়দপুর সেনানিবাসের (ইএমই)  
সেন্টার অ্যাড স্কুলের মাষ্টিপারপাস  
প্রশিক্ষণ কেন্দ্রের হলরুমে সৈয়দপুর  
সেনানিবাসে বাংলাদেশ আর্মি

ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড  
টেকনোলজি (বিএইউএসটি)  
দ্বিতীয় ব্যাচের নবাগত শিক্ষার্থীদের  
আনুষ্ঠানিকভাবে বরণ করে নেওয়া  
হয়।

চলতি বছরের ১৫ ফেব্রুয়ারি  
সৈয়দপুর আর্মি বিজ্ঞান ও প্রযুক্তি  
বিশ্ববিদ্যালয় যাত্রা শুরু করে। ওই  
দিন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর  
বিশ্ববিদ্যালয়ের উদ্বোধন ঘোষণা  
করেন। এখানে চার বছর মেয়াদি  
কোর্সে কম্পিউটার সায়েন্স অ্যাড  
ইঞ্জিনিয়ারিং (সিএসই),  
ইলেকট্রিক্যাল অ্যাড ইলেক্ট্রনিক্স  
ইঞ্জিনিয়ারিং (ইইই) এবং  
মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই)  
বিভাগ চালু রয়েছে। বর্তমানে  
দ্বিতীয় ব্যাচের শিক্ষার্থী ভর্তি  
কার্যক্রম চলছে।